দৈনিক
ইত্তেফাক

তারিখ 15 JAN 2016
পৃষ্ঠা ৫ কলাম ৬

# ব্রাহ্মণবাড়িয়ায় সহিংসতায় আরো ৫ মামলা, বিক্ষোভ সংস্কৃতি কর্মীদের

## আরো একটি তদন্ত কমিটি

■ ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

ব্রাহ্মণবাড়িয়ায় গত মঙ্গলবারের সহিংস ঘটনায় গতকাল বৃহস্পতিবার পর্যন্ত ১১টি মামলা হয়েছে। এর মধ্যে সদর মডেল থানায় ১০টি ও আখাউড়া রেলওয়ে থানায় একটি মামলা দায়ের করা হয়। এ ঘটনায় জেলার সহকারী পুলিশ সুপার শফিকুল ইসলামকে প্রধান করে আরো একটি তদন্ত কমিটি গঠন করেছে প্রশাসন। ঘটনার দিন গঠিত তদন্ত কমিটির সাক্ষ্য গ্রহণের কাজ শেষ পর্যায়ে বলে জানা গেছে। এদিকে সাংস্কৃতিক সংগঠনসহ বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানে মাদ্রাসা ছাত্রদের তাণ্ডবের প্রতিবাদে গতকাল বিক্ষোভ-সমাবেশ করেছেন জেলার সংস্কৃতিকর্মীরা। তারা ভিডিও ফুটেজ দেখে হামলাকারীদের শনাক্ত করে গ্রেফতারের দাবি জানিয়েছেন।

সূত্র জানায়, মামলাগুলোর প্রতিটিতেই ৭/৮শ' লোককে আসামি করা হয়েছে। সব মিলিয়ে মোট আসামির সংখ্যা ৬ সহস্রাধিক। একটি মামলায় বিএনপির জেলা সভাপতি হাফিজুর রহমান মোল্লা কচি ও সাধারণ সম্পাদক জহিরুল হক খোকনসহ ৪৪ জনকে আসামি করা হয়েছে। সদর থানার এসআই আলী আক্কাস বাদী হয়ে মামলাটি দায়ের করেন। তবে গতকাল পর্যন্ত মাদ্রাসা ছাত্র হত্যা ও মাদ্রাসা-মসজিদ ভাংচুরের ঘটনায় কোনো মামলা হয়নি।

এ ঘটনায় গঠিত প্রথম তদন্ত কমিটি গত ২ দিনে ১৫ জনের সাক্ষ্য গ্রহণ করেছে। ঘটনা সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ ভিডিও ফুটেজ সংগ্রহ করতেও সক্ষম হয়েছে। তদন্ত কমিটির প্রধান চট্টগ্রাম রেঞ্জের পুলিশের অতিরিক্ত ডিআইজি মাহবুবুর রহমান জানান, 'তদন্তের কাজ প্রায় শেষ পর্যায়ে। তিন কার্য দিবসের মধ্যে প্রতিবেদন দেয়ার নির্দেশ রয়েছে। আমরা রবিবারের মধ্যে প্রতিবেদন জমা দেয়ার চেষ্টা করব।'

**বিক্ষোভ-সমাবেশ:** শহরে মাদ্রাসা ছাত্রদের তাণ্ডবের প্রতিবাদে দুপুরে সম্মিলিত সাংস্কৃতিক জোটের ব্যানারে জেলার সর্বস্তরের সংস্কৃতিকর্মী ও মুক্তবুদ্ধির মানুষেরা শহীদ ধীরেন্দ্রনাথ দত্ত ভাষা চত্বর থেকে বিক্ষোভ মিছিল বের করেন। মিছিলটি শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে স্থানীয় প্রেসক্লাব চত্বরে প্রতিবাদ সমাবেশ করে।

এদিকে আজ শুক্রবার সকাল ১০টায় জামিয়া ইসলামিয়া ইউনুছিয়া মাদ্রাসায় সংবাদ সম্মেলন ডেকেছে মাদ্রাসা কর্তৃপক্ষ। এতে সার্বিক পরিস্থিতি অবহিত করা হবে বলে জানা গেছে। ওই মাদ্রাসারই এক ছাত্রের মৃত্যুর ঘটনায় উত্তেজিত সহপাঠী ও অন্যরা গত মঙ্গলবার শহরে বিভিন্ন প্রতিষ্ঠান ও রেল স্টেশনে হামলা চালিয়ে ব্যাপক তাণ্ডব চালায়।